

ধামরাই সরকারি কলেজ
একাদশ শ্রেণীর অর্ধবার্ষিক পরীক্ষা-২০২৩
বিষয়- কৃষি শিক্ষা (সৃজনশীল)

পূর্ণমান: ৫০

সময়: ১ ঘন্টা ২৫ মিনিট

(যে কোন ০৫ টি প্রশ্নের উত্তর দাও)

১। মিতু ও তার বাবা দীর্ঘদিন যাবত চরাঞ্চলে চীনাবাদাম ও তরমুজ চাষ করে আসছে। এ বছর সেই জমিতে মাঠ ফসল চাষের ইচ্ছায় তারা কৃষি অফিসে গিয়ে পরামর্শ চায়। কৃষি কর্মকর্তা তাদের মাটির বুনট পরিবর্তনের পরামর্শ দেয় যা অনুসরণ করে তারা জমিতে ফসল ফলাতে সক্ষম হয়। কর্মকর্তা আরো বলেন, "মাটির বুনট বিবেচনায় রেখে ফসল নির্বাচন করা উচিত"।

ক) SRI এর পূর্ণরূপ কী?

খ) ভূমিক্ষয় মৃত্তিকায় কি প্রভাব ফেলে?

গ) মিতুদের কৃষি কর্মকর্তা যে পরামর্শ দিয়েছিলেন তা উদ্দীপকের আলোকে বর্ণনা কর।

ঘ) উদ্দীপকের শেষোক্ত বাক্যটি বিশ্লেষণ কর।

২। ধামরাই সরকারি কলেজের কৃষি শিক্ষক জনাব কাজিম খান বাংলাদেশের কৃষিক্ষেত্র নিয়ে আলোচনা করছিলেন। তিনি তার আলোচনায় কৃষিপ্রধান বাংলাদেশের প্রধান প্রধান মাঠ ও উদ্যান ফসলের চাষকৃত জমির পরিমাণ, শ্রেণিবিভাগ ও মোট উৎপাদন পরিস্থিতির ব্যাখ্যা করেন। ফসলের পাশাপাশি মৎস, প্রাণিসম্পদ ও বনায়ন সম্পর্কে তিনি আলোচনা করেন।

ক) শিল্প বা বাণিজ্যিক ফসল কী?

খ) উদ্যান ফসলের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

গ) কৃষি শিক্ষকের মতানুসারে উদ্যান ফসলের শ্রেণিবিভাগ আলোচনা কর।

ঘ) বাংলাদেশের কৃষি ক্ষেত্রগুলো মানুষের মৌলিক চাহিদা পূরণে কীভাবে অবদান রাখছে, কৃষি শিক্ষকের দৃষ্টিভঙ্গির আলোকে বিশ্লেষণ কর।

৩। রূপপুর গ্রামের একটি স্কুলে স্থানীয় কৃষি কর্মকর্তা ৬০ জন কৃষকদের নিয়ে একটি বিশেষ কার্যক্রম শুরু করেন। এ কার্যক্রমের মাধ্যমে কৃষকদের কৃষি উৎপাদন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

ক) অভিজ্ঞ কৃষক কে?

খ) কৃষি তথ্য সার্ভিস বলতে কী বোঝায়?

গ) রূপপুর গ্রামে গৃহীত কার্যক্রমটির পাঠক্রম ব্যাখ্যা কর।

ঘ) রূপপুর গ্রামে গৃহীত কার্যক্রমটি দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য একটি মাইলফলক- বিশ্লেষণ কর।


৪। রফিক তার জমির মাটির মান নির্ণয়ের জন্য উপজেলা কৃষি অফিসে গেলেন। কৃষি কর্মকর্তা গ্লাস ইলেক্ট্রোড পদ্ধতিতে মাটির pH নির্ণয় করে বলে দিলেন যে "তোমার জমিতে লৌহ, অ্যালুমিনিয়াম, ম্যাগনেসিয়াম ও সালফার আয়নের আধিক্য রয়েছে।"

ক) pH কী?

খ) অম্লীয় মাটির দুটি বৈশিষ্ট্য লিখ।

গ) রফিকের জমিতে ভালো ফসল ফলানোর জন্য কৃষি কর্মকর্তা কি কি পদক্ষেপ গ্রহণের পরামর্শ দিলেন?

ঘ) উদ্দীপকে বিভিন্ন আয়নের আধিক্য অপসারণের জন্য রফিকের কী করণীয় তা বিশ্লেষণ কর।



৫।

ক) হাঁস কোন শিল্পের অন্তর্গত?

খ) ডিম অনুর্বর হয় কেন?

গ) উদ্দীপকের (?) চিহ্নিত পদ্ধতি ও কৃত্রিম পদ্ধতি কখনো এক নয়- ব্যাখ্যা কর।

ঘ) হাঁস-মুরগীর উৎপাদন বৃদ্ধিতে বাংলাদেশের প্রেক্ষাপটে (?) চিহ্নিত পদ্ধতিটি কতটুকু বাস্তবসম্মত? তোমার মতামত দাও।

৬। রুমা তার বাড়ির পাশে একটি পোন্ডি খামার করেন। খামারের মুরগিগুলো হঠাৎ চুনের মতো পায়খানা শুরু করে। খুব দ্রুত তা অন্য সব মুরগীর মধ্যে ছড়িয়ে পড়লে রুমা উপজেলা পশু সম্পদ কর্মকর্তার পরামর্শে যথাযথ ওষুধ দিয়ে রোগ নিবারণ করেন। পরবর্তীতে তার খামারে আর কোন সমস্যা তৈরি হয়নি।

ক) আরআইআর কী?

খ) লেন্টিং পদ্ধতি বর্ণনা কর।

গ) উদ্দীপকে বর্ণিত রোগটির নাম, যথাযথ কারণ ও লক্ষণ বর্ণনাসহ প্রমাণ কর।

ঘ) খামারে রোগ নিবারণে রুমার পদক্ষেপ মূল্যায়ন কর।

৭। লিমন তার বাবার সাথে মাছের বাজারে এসে বড় একটা রুই মাছ পছন্দ করল। তার বাবা মাছটি কিনলেন না। কারণ মাছের গায়ে কোনো লালা নেই এবং এবং এ ধরনের মাছ স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। তিনি আরও বললেন, মাছটি সঠিকভাবে সংরক্ষণ করা প্রয়োজন ছিল।

ক) প্লাংকটন কী?


খ) মাছ পচে কেন? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকে লিমনের বাবা কীভাবে বুঝলেন, মাছটি সঠিকভাবে সংরক্ষণ করা হয়নি- ব্যাখ্যা কর।

ঘ) “ মাছটি সঠিকভাবে সংরক্ষণ করা প্রয়োজন ছিল”- উক্তিটি মূল্যায়ন কর।

৮। নিচের চিত্র দুইটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

চিত্র-১



চিত্র-২



ক) রোস্ট্রাম কী?

খ) গলদা চিংড়ির ব্ল্যাক স্পট রোগ কেন হয়?

গ) বর্ষাকালে উপকূলীয় অঞ্চলে উদ্দীপকের কোন মাছটি চাষ করা হয়? সেটির চাষ কৌশল ব্যাখ্যা কর।

ঘ) বাংলাদেশে কোন চিংড়ি কীভাবে কোথায় বেশি চাষের সুযোগ রয়েছে?- যুক্তিসহ বিশ্লেষণ কর।